দৈনিক
ইত্তেফাক

তারিখ 06 FEB 2016
পৃষ্ঠা ৫ কলাম 2

# দিনাজপুরে ১৯৪ শিক্ষাপ্রতিষ্ঠানকে অতিরিক্ত অর্থ ফেরতের নির্দেশ

স্টাফ রিপোর্টার, দিনাজপুর

দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের আওতাভুক্ত ১৯৪টি শিক্ষা প্রতিষ্ঠানকে ২০১৬ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণের সময় নেয়া অতিরিক্ত ফি ৭ ফেব্রুয়ারীর মধ্যে ফেরত দেয়ার নির্দেশ দিয়ে বোর্ডের পক্ষ থেকে বৃহস্পতিবার জরুরি তাগিদপত্র দেয়া হয়েছে।

দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখা সূত্রে জানা যায়, শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত সার্কুলারের আলোকে এই জরুরি তাগিদপত্র দেয়া হয়েছে। ১৯৪টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ১৭৯টি স্কুল ও ১৫টি মাদ্রাসা রয়েছে। পত্রে উল্লেখ করা হয়, যে সমস্ত প্রতিষ্ঠান ইতিমধ্যে আদায়কৃত অতিরিক্ত অর্থ ফেরত দিয়েছে তাদের ৮ ফেব্রুয়ারীর মধ্যে প্রমাণপত্র জমা দেয়ার জন্য বলা হয়েছে। যারা এখনো অতিরিক্ত অর্থ ফেরত দেননি তাদের ৭ ফেব্রুয়ারীর মধ্যে অতিরিক্ত অর্থ ফেরত দিয়ে ৮ ফেব্রুয়ারী বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক শাখায় প্রমাণপত্রসহ অবগত করার নির্দেশ দেয়া হয়।

বোর্ড সূত্রে আরও জানা যায়, দিনাজপুর জেলার ৭১টি শিক্ষা প্রতিষ্ঠানকে আদায়কৃত ফরম ফিলাপের অতিরিক্ত অর্থ ফেরত দিতে লিখিতভাবে নির্দেশ দেয়া হয়েছে। এর মধ্যে ৬২টি স্কুল ও ৯টি মাদ্রাসা রয়েছে। লালমনিরহাট জেলার ৪০টি, গাইবান্ধা জেলার ৩৫টি, পঞ্চগড় জেলার ১৮টি, নীলফামারী জেলার ১৭টি এবং রংপুর জেলার ১৩টি শিক্ষা প্রতিষ্ঠানকে অতিরিক্ত অর্থ ফেরতের নির্দেশ দেয়া হয়েছে। দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে ৮টি জেলার মধ্যে ৬টি জেলাতেই অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ পাওয়া গেছে।